গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
টিভি-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moi.gov.bd

স্মারক নং-১৫.০০.০০০০.০২৪.১৮.১২৭.২২-৭৮৫

তারিখঃ ০৮ ভাদ্র ১৪৩৩ / ২৩ আগস্ট ২০২৬

**বিষয়: 2026 Global Media Peace Awards on Conflict Prevention and Conflict Resolution-এর বিষয়টি প্রচার সম্পর্কিত।**

সূত্র: বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের ০২ আগস্ট ২০২৬ তারিখের ৩৭.১৮.০০০০.০০০.০০৮.২৪.০০০১.২৬.১৭ সংখ্যকপত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্তপত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কানাডার HEC Montréal এর International Center for Media and Society (ICMS) আয়োজিত 2026 Global Media Peace Awards on Conflict Prevention and Conflict Resolution-এর জন্য বিশ্বের বিভিন্ন দেশের সম্প্রচার প্রতিষ্ঠান, গণমাধ্যম সংস্থা, স্বাধীন প্রযোজক, চলচ্চিত্র নির্মাতা, ডিজিটাল কনটেন্ট নির্মাতা, সাংবাদিক, বিশ্ববিদ্যালয় এবং কমিউনিটি মিডিয়াকে অংশগ্রহণের জন্য আহ্বান জানানো হয়েছে। সংঘাত প্রতিরোধ (Conflict Prevention) ও সংঘাত নিরসন (Conflict Resolution) বিষয়ে উচ্চমানের, সৃজনশীল ও প্রভাবশালী গণমাধ্যমের কনটেন্ট তৈরিকে উৎসাহিত করার লক্ষ্যে রেডিও, টেলিভিশন এবং ডিজিটাল মিডিয়ায় প্রকাশিত সেরা অনুষ্ঠান, প্রতিবেদন ও কনটেন্টকে এ পুরস্কারের মাধ্যমে স্বীকৃতি দেওয়া হবে। পুরস্কারের আর্থিক মূল্য প্রতি ক্যাটাগরিতে মোট C$ 6000 উল্লেখ্য করে পুরস্কারের বিষয়টি ওয়েবসাইটে বিজ্ঞপ্তি আকারে প্রকাশের জন্য বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন অনুরোধ করেছে।

০২। এমতাবস্থায়, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশনের পত্রের মর্মানুযায়ী ওয়েব সাইটে বিজ্ঞপ্তি আকারের প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২(দুই) পাতা।

মোঃ ওয়ানুল হক
সহকারী সচিব
ফোনঃ ২২৩৩৫১১৩৫
ই-মেইলঃ tv2@moi.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রধান তথ্য অফিসার, তথ্য অধিদপ্তর, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা;
৩. মহাপরিচালক, বাংলাদেশ বেতার, ঢাকা;
৪. মহাপরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, ঢাকা;
৫. ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক, বাংলাদেশ সংবাদ সংস্থা, ঢাকা;
৬. সভাপতি, অ্যাসোসিয়েশন অব টেলিভিশন চ্যানেল ওনার্স (অ্যাটকো), ০২, বীর উত্তম জিয়াউর রহমান, রোড,বনানী, ঢাকা-১২১৩; এবং
৭. সভাপতি, ঢাকা রিপোর্টার্স ইউনিট, ঢাকা।

<u>অনুলিপি (সদয় অবগতির জন্য) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১. সেক্রেটারি জেনারেল, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০ [দৃ: আ: জনাব সাবীনা মনীর চিঠি, ডেপুটি সেক্রেটারি জেনারেল];
২. মন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য];
৩. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য];
৪. সচিবের একান্ত সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য];
৫. অফিস কপি; এবং
৬. মাস্টার কপি।

| | |
|---|---|
| Subject | Fw: Reminder: Call for Entries – 2026 Global Media Peace Awards on Conflict Prevention and Conflict Resolution. |
| From | Bangladesh National Commission For UNESCO <natcombd@yahoo.com> |
| To | Bangladesh National Commission for UNESCO <natcombd@bncu.gov.bd> |
| Date | Thursday July 16, 2026 2:03:15 PM |

Sent from Yahoo Mail for iPhone

Begin forwarded message:

On Tuesday, July 14, 2026, 11:19 pm, Javad Mottaghi <javad.mottaghi@hec.ca> wrote:

যুগ্মসচিব (টিভি)-এর দপ্তর



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন

**স্মারক নম্বর:** ৩৭.১৮.০০০০.০০০.০০৮.২৪.০০০১.২৬.১৭

তারিখ: ২৫ শ্রাবণ ১৪৩৩
০৯ আগস্ট ২০২৬

**বিষয়: 2026 Global Media Peace Awards on Conflict Prevention and Conflict Resolution- এর বিষয়টি প্রচার সম্পর্কিত।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কানাডার HEC Montréal এর International Center for Media and Society (ICMS) আয়োজিত 2026 Global Media Peace Awards on Conflict Prevention and Conflict Resolution-এর জন্য বিশ্বের বিভিন্ন দেশের সম্প্রচার প্রতিষ্ঠান, গণমাধ্যম সংস্থা, স্বাধীন প্রযোজক, চলচ্চিত্র নির্মাতা, ডিজিটাল কনটেন্ট নির্মাতা, সাংবাদিক, বিশ্ববিদ্যালয় এবং কমিউনিটি মিডিয়াকে অংশগ্রহণের জন্য আহ্বান জানানো হয়েছে। সংঘাত প্রতিরোধ (Conflict Prevention) ও সংঘাত নিরসন (Conflict Resolution) বিষয়ে উচ্চমানের, সৃজনশীল ও প্রভাবশালী গণমাধ্যমের কনটেন্ট তৈরিকে উৎসাহিত করার লক্ষ্যে রেডিও, টেলিভিশন এবং ডিজিটাল মিডিয়ায় প্রকাশিত সেরা অনুষ্ঠান, প্রতিবেদন ও কনটেন্টকে এ পুরস্কারের মাধ্যমে স্বীকৃতি দেওয়া হবে। পুরস্কারের আর্থিক মূল্য প্রতি ক্যাটাগরিতে মোট C$ 6000।

২। উক্ত পুরস্কার প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য যোগ্যতার শর্তাবলি নিম্নরূপ:

- ১৫ মে ২০২৪ থেকে ২১ সেপ্টেম্বর ২০২৬-এর মধ্যে নির্মিত ও সম্প্রচারিত/প্রকাশিত কনটেন্ট আবেদনযোগ্য।
- প্রতিযোগিতায় ডকুমেন্টারি, রিপোর্তাজ, ডকুড্রামা, সংবাদ প্রতিবেদন বা সংবাদভিত্তিক অনুষ্ঠান, রেডিও নাটক, অ্যানিমেশন, কৃত্রিম বুদ্ধিমত্তা (AI) ব্যবহার করে নির্মিত কনটেন্ট গ্রহণ করা হবে যার মূল বার্তা অবশ্যই সংঘাত প্রতিরোধ অথবা সংঘাত নিরসনের সঙ্গে সম্পর্কিত হতে হবে।
- প্রতিটি কনটেন্টের দৈর্ঘ্য কয়েক সেকেন্ড থেকে সর্বোচ্চ ৫২ মিনিট হতে পারবে।
- প্রত্যেক আবেদনকারী রেডিও, টেলিভিশন এবং ডিজিটাল মিডিয়া—প্রতিটি বিভাগে সর্বোচ্চ একটি করে, অর্থাৎ মোট তিনটি পৃথক এন্ট্রি জমা দিতে পারবেন।
- ডিজিটাল মিডিয়া বিভাগের ক্ষেত্রে একই বিষয়ের কনটেন্ট অন্তত দুটি ভিন্ন ডিজিটাল প্ল্যাটফর্মে প্রকাশিত হতে হবে। যেমন- রেডিও বা টেলিভিশন, OTT ভিডিও প্ল্যাটফর্ম (শর্টস, অনলাইন মিনিসিরিজ), পডকাস্ট, সামাজিক যোগাযোগ মাধ্যম, অনলাইন সংবাদ মাধ্যম, মাল্টিমিডিয়া ওয়েবসাইট ইত্যাদি।
- AI ব্যবহার করা হলে আবেদনপত্র ও কনটেন্টে তা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৩। আবেদন MP3, MP4 অথবা WAV ফরম্যাটে প্রস্তুত করে পূরণকৃত নিবন্ধন ফরমসহ সব নথি WeTransfer অথবা অন্য কোনো উপযুক্ত ফাইল-শেয়ারিং পদ্ধতির মাধ্যমে আগামী **২১ সেপ্টেম্বর ২০২৬**-এর মধ্যে HEC Montréal Awards Secretariat এর (ই-মেইল: international-peace-awards@hec.ca) ঠিকানায় পাঠাতে হবে। পুরস্কার সম্পর্কিত বিস্তারিত তথ্য https://international-peace-awards.hec.ca- শীর্ষক ওয়েবসাইটে পাওয়া যাবে।

৪। এমতাবস্থায়, উল্লিখিত পুরস্কারের বিষয়টি ওয়েবসাইটে বিজ্ঞপ্তি আকারে প্রকাশ-সহ বাংলাদেশ বেতার, বাংলাদেশ টেলিভিশন, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর, বাংলাদেশ সংবাদ সংস্থা, অ্যাসোসিয়েশন অব টেলিভিশন চ্যানেল ওনার্স, ঢাকা রিপোর্টার্স ইউনিটিকে অবহিতকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে বিনীত অনুরোধ করা হলো।

যুগ্মসচিব (টিভি)-এর দপ্তর
ডায়েরী নং: তারিখ:
উপসচিব (টিভি-১)
উপসচিব (টিভি-২)
ব্যক্তিগত কর্মকর্তা
যুগ্মসচিব (টিভি)

সংযুক্তিসমূহঃ

(১) email
(২) Global Media Peace Awards 2026

০৯-০৮-২০২৬
সাবভীনা মনীর চিঠি
ডেপুটি সেক্রেটারি জেনারেল

সচিব
সচিবের দপ্তর, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়।